

# 💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ২৯০ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৬৬]

৮. কিতাবুস্ সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ মসজিদের জানালা রাখা এবং ভিতর দিয়ে রাস্তারও ব্যবস্থা করা

باب الْخَوْخَةِ وَالْمَمَرِّ فِي الْمَسْجِدِ

### আরবী

الله عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ: خَطَبَ النَّبِيُّ فَقَالَ إِنَّ اللَّهَ خَيَّرَ عَبْدًا بَيْنَ الدُّنْيَا وَبَيْنَ مَا عِنْدَهُ فَاخْتَارَ مَا عِنْدَ اللَّهِ. فَبَكَى أَبُو بَكْرٍ الصِّدِيقُ. فَقُلْتُ فِي نَفْسِي: مَا يُبْكِي هَذَا الشَّيْخَ؟ إِنْ يَكُنِ اللَّهُ خَيَّرَ عَبْدًا بَيْنَ الدُّنْيَا وَبَيْنَ مَا عِنْدَهُ، فَاخْتَارَ مَا عِنْدَ اللَّهِ، فَكَانَ رَسُولُ اللَّهِ هُوَ الْعَبْدَ، وَكَانَ أَبُو بَكْرٍ أَعْلَمَنَا، قَالَ يَا أَبَا بَكْرٍ لا تَبْكِ، إِنَّ أَمَنَّ النَّاسِ عَلَيَّ رَسُولُ اللَّهِ هُوَ الْعَبْدَ، وَكَانَ أَبُو بَكْرٍ أَعْلَمَنَا، قَالَ يَا أَبَا بَكْرٍ لا تَبْكِ، إِنَّ أَمَنَّ النَّاسِ عَلَيَّ رَسُولُ اللَّهِ هُو الْعَبْدَ، وَكَانَ أَبُو بَكْرٍ أَعْلَمَنَا، قَالَ يَا أَبَا بَكْرٍ لا تَبْكِ، إِنَّ أَمَنَّ النَّاسِ عَلَيَّ وَيَكِنْ فِي صَحْبَتِهِ وَمَالِهِ أَبُو بَكْرٍ، وَلَوْ كُنْتُ مُتَّخِذًا خَلِيلا مِنْ أُمَّتِي لاَتَّخَذْتُ أَبَا بَكْرٍ، وَلَكِنْ فِي الْمَسْجِدِ بَابٌ إِلا سُدَّ، إِلا بَابُ أَبِي بَكْرٍ. وَلَكِنْ (بخَارِي: اللَّهُ اللهُ عَنْ أَبِي بَكْرٍ.

#### বাংলা

২৯০) আবু সাঈদ খুদরী (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ একদা নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম খুতবা দেয়ার সময় বললেনঃ নিশ্চয়ই আল্লাহ তাআলা তাঁর এক বান্দাকে দুনিয়া এবং তাঁর কাছে (আখেরাতে) যা আছে এ দু'টির মধ্য হতে যে কোন একটিকে নির্বাচন করার অধিকার দিয়েছেন। সে আল্লাহর কাছে যা আছে সেটি গ্রহণ করেছে। এ কথা শুনে আবু বকর (রাঃ) ক্রন্দন শুরু করলেন। আবু সাঈদ খুদরী (রাঃ) বলেনঃ আমি মনে মনে বলতে লাগলামঃ এই বৃদ্ধ লোকটি কিসের কারণে কাঁদছে? আল্লাহ তাঁর কোন বান্দাকে দুনিয়ায় থাকা বা আখেরাত গ্রহণ করার অধিকার দিয়েছেন আর সেই বান্দা আখেরাত গ্রহণ করেছে। (এতে ক্রন্দনের কি আছে?) পরবর্তীতে বুঝা গেল সেই বান্দাটি ছিলেন স্বয়ং রাসূলুল্লাহ। আবু বকর (রাঃ) ছিলেন আমাদের মধ্যে সর্বাপেক্ষা জ্ঞানী। অতঃপর তিনি বললেনঃ হে আবু বকরে! ক্রন্দন করোনা। যে সমস্ত মানুষ আমাকে সাহচর্য এবং ধন-সম্পদ দিয়ে অনুগ্রহ করেছে তাদের মধ্যে আবু বকরের অনুগ্রহ সবচেয়ে বেশী। আমার উম্মাতের কাউকে যদি আমি বন্ধু হিসাবে গ্রহণ করতাম, তাহলে আবু বকরকেই গ্রহণ করতাম। তবে ইসলামের ভ্রাতৃত্ব এ সৌহার্দই যথেষ্ট। আজ থেকে আবু বকরের দরজা ব্যতীত মসজিদের সকল দরজা বন্ধ করে দেয়া হোক।

টিকাঃ এ হাদীছ থেকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের পরে আবু বকর সিদ্দীক (রাঃ)এর খেলাফতের



ইঙ্গিত পাওয়া যায় এবং সকল সাহাবীর উপর আবু বকর (রাঃ)এর মর্যাদাও প্রমাণিত হয়।

## **English**

Al-Khaukhah (a small door) and a path in the mosque

#### Narrated Abu Sa`id Al-Khudri:

The Prophet (ﷺ) delivered a sermon and said, "Allah gave a choice to one of (His) slaves either to choose this world or what is with Him in the Hereafter. He chose the latter." Abu Bakr wept. I said to myself, "Why is this Sheikh weeping, if Allah gave choice to one (of His) slaves either to choose this world or what is with Him in the Here after and he chose the latter?" And that slave was Allah's Messenger (ﷺ) himself. Abu Bakr knew more than us.

The Prophet () said, "O Abu Bakr! Don't weep. The Prophet () added:
Abu- Bakr has favored me much with his property and company. If I were to
take a Khalil from mankind I would certainly have taken Abu Bakr but the
Islamic brotherhood and friendship is sufficient. Close all the gates in the
mosque except that of Abu Bakr.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ আবু সা'ঈদ খুদরী (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন